



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৩৪

থার্মিফাস্ট নাইট উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা

রাজশাহী; ১৩ পৌষ (২৮ ডিসেম্বর) :

আগামী শনিবার (৩১ ডিসেম্বর) ২০২২ খ্রি. থার্মিফাস্ট নাইট (ইংরেজি বর্ষবরণ)। দিবসটি উপলক্ষ্যে রাজশাহী মহানগর এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষা, জনস্বার্থ, জনশৃঙ্খলা ও সাধারণ মানুষের জানমালের নিরাপত্তার নিমিত্ত নিষেধাজ্ঞা আরোপ করেছে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ। গতকাল মঙ্গলবার (২৭ ডিসেম্বর) আরএমপি'র এক আদেশে এই নিষেধাজ্ঞা জারি করা হয়।

আদেশে রাস্তায় সর্বসাধারণের ব্যবহার্য স্থানে গান-বাজনা, বাদ্যযন্ত্র, হর্ণ বাজানো, লাউড স্পিকার ব্যবহার এবং শোভাযাত্রা অথবা র্যালিতে মুখে কোন প্রকারের মুখোশ ব্যবহার ও বিরক্তির উদ্বেককারী বাঁশি যেমন-ভুভুজেলা, আতশবাজি, পটকা ক্রয়-বিক্রয় ও ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

৩০ ডিসেম্বর ২০২২ খ্রি. হতে ১ জানুয়ারি ২০২৩ খ্রি. সকাল দশটা পর্যন্ত রাজশাহী মহানগরী এলাকায় সকল প্রকার বৈধ আগ্নেয়াস্ত্র বহন ও প্রকাশ্যে প্রদর্শন নিষিদ্ধ থাকবে। এ ছাড়া উক্ত সময়ে সকল অনুমোদিত বার ও মদের দোকান এবং ডিজে পার্টি বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়েছে।

উক্ত সময়ে আইন অমান্যকারীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আদেশে উল্লেখ করা হয়।##

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২২/১০.৪৫ঘ.